



বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



স্মারক নং: ১৬.০৬.০০০০.০০০.০০.০১৮.২০- ২৬০


তারিখ : ১৭ সেপ্টেম্বর, ২০২০খ্রি:

বিষয় : দেশের সকল মসজিদ, মন্দির, গীর্জা এবং প্যাগোডায় গ্যাস পাইপ-লাইন ও বৈদ্যুতিক লাইন শর্টসার্কিটসহ অন্যান্য দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং: ১৬.০০.০০০০.০০৪.১৭.০০৪.১৯-২৭৯, তারিখ : ১৬ সেপ্টেম্বর, ২০২০খ্রি:।

এতদ্বারা দেশের সকল বৌদ্ধ বিহার/ক্যাথ/প্যাগোডার অধ্যক্ষ/সভাপতিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে নারায়নগঞ্জের ফতুল্লার পশ্চিমতল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে ভয়াবহ বিস্ফোরণে অনেক মুসল্লী হতাহতের ঘটনা ঘটে। তৎপ্রেক্ষিতে বাংলাদেশের সকল মসজিদ, মন্দির, গীর্জা এবং প্যাগোডায় গ্যাস পাইপ-লাইন, গ্যাস সিলিন্ডার ও বৈদ্যুতিক লাইনের শর্টসার্কিটসহ অন্যান্য দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২. এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে স্থানীয় প্রশাসনের সার্বিক সহযোগিতায় এবং গণপূর্ত অধিদপ্তর ও প্রয়োজ্যক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) নির্বাহী প্রকৌশলী ও উপজেলা প্রকৌশলীগণের সহযোগিতায় বৌদ্ধ বিহার/ক্যাথ/প্যাগোডার কমিটিসমূহের সক্রিয় অংশগ্রহণসহ দুর্ঘটনা প্রতিরোধে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।


(জয়দত্ত বড়ুয়া)

সচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

অধ্যক্ষ/সভাপতি

বৌদ্ধ বিহার (সকল)।